

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
লোহাগড়া, নড়াইল।  
<https://lohagara.narail.gov.bd/>

স্মারক নং- ৫৬.০৪.৫৫৬৬.০০০.১১.০১৫.২৩.৪৮১

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
০৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ


বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল;

প্রতিযোগিতার নিয়মাবলী

- ক) ভিডিওটি প্রস্তুত করে ইমেইল/ পেন ড্রাইভ/ ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের নিকট আগামী ১৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে।  
ইমেইল: [doict.lohagaranarail@gmail.com](mailto:doict.lohagaranarail@gmail.com)
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- গ) মোবাইলে ভিডিও ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ (এক) মিনিট হতে হবে;
- ঝ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ঞ) ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে জনাব শেখ মোহাম্মদ ফয়সল, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, লোহাগড়া, নড়াইল (যোগাযোগ নম্বর: ০১৭৩৩৮০৪৬৩০,  
ইমেইল: [faisal@doict.gov.bd](mailto:faisal@doict.gov.bd)) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুরোধক্রমে,



(মোঃ আজগর আলী)  
উপজেলা নির্বাহী অফিসার  
লোহাগড়া, নড়াইল  
ফোন: ০২৪৭৭৭৭৪২০৯

ই-মেইল: [unolohagaranarail@mopa.gov.bd](mailto:unolohagaranarail@mopa.gov.bd)